

## ● হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ১০ জিলহজ্জের আমলসমূহ

রচয়িতা/সঞ্চলকঃ ইসলামহাউজ.কম

তৃতীয় আমল: মাথা মুন্ডন বা চুল ছোট করা

হাদী জবেহ হয়েছে বলে নিশ্চিত হলে মাথা মুন্ডন বা চুল ছোট করুন। তবে মুন্ডন করাই উত্তম। পবিত্র কুরআনে মুন্ডন করার কথা আগে এসেছে, ছোট করার কথা পরে। এরশাদ হয়েছে, ‘**مُحَلَّقِينَ رُءُوسَكُمْ وَمُقَصِّرِينَ**’ – তোমাদের কেউ কেউ মাথা মুন্ডন করবে ও কেউ কেউ চুল ছোট করবে।[1] রাসূলুল্লাহ (ﷺ) নিজেও মাথা মুন্ডন করেছিলেন। হাদিসে এসেছে, আনাস (রাঃ) বলেন, ‘রাসূলুল্লাহ (ﷺ) মিনায় এলেন, জামরাতে এসে তিনি কক্ষ নিক্ষেপ করলেন। এরপর তিনি মিনায় তাঁর অবস্থানের জায়গায় এলেন ও কোরবানি করলেন। এরপর তিনি ক্ষোরকারকে বললেন, নাও। তিনি হাত দিয়ে (মাথার) ডান দিকে ইশারা করলেন, অতঃপর বাম দিকে। এরপর মানুষদেরকে তা দিতে লাগলেন।[2] যারা মাথা মুন্ডন করে তাদের জন্য রাসূলুল্লাহ রহমত ও মাগফিরাতের দোয়া করেছেন তিন বার। আর যারা চুল ছোট করে তাদের জন্যে দোয়া করেছেন এক বার।

### ফুটনোট

[1] - সূরা আল ফাতহ : ২৭

عن أنس بن مالك رضي الله عنه : أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى مِنِي ، فَأَتَى الْجَمْرَة ، فَرَمَاهَا ثُمَّ - [2] أَتَى مَنْزِلَهُ بِمَنْيٍ وَنَحْرٍ ثُمَّ قَالَ لِلْحَلَاقِ : خذ ، وَأَشَارَ إِلَى جَانِبِ الْأَيْمَنِ ثُمَّ أَلْيَسَرَ ثُمَّ جَعَلَ يُعْطِيهِ النَّاسَ : ২২৯৮ ) (মুসলিম)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=3530>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন